গাংনীর ধানখোলা গ্রামে চাচাত ভাইদের হামলায় মা ছেলে আহত

গাংনী উপজেলার ধানখোলালা মাঝের পাড়া গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে মা ছেলেকে পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষরা। আহতরা হলেন- ধানখোলা গ্রামের ইয়ামিনের ছেলে ইয়ারুল ইসলাম(৩০) ও তার স্ত্রী রোকেয়া খাতুন(৪৬)।

এসময় আহতদের রান্নাঘর ও আসবাপত্র ভাংচুর করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে এ ঘটনা ঘটে। আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহত ইয়ারুল ইসলাম জানান, চুয়াডাঙ্গার আহসান মিয়ার ৮শতক জমির মধ্যে ৫শতক জমি ক্রয় করেন ইয়ারুল ইসলামের চাচাত ভাইয়েরা। বাঁকি ৩ শতক জমিতে প্রায় ৬০ বছর যাবত ঘর থাকায় উক্ত তিন শতক জমি আহসান মিয়ার নিকট থেকে ইয়ারুল ইসলাম ক্রয় করতে চাইলে বাঁধা দেয় ছিয়ামিনের তিন ছেলে আহাম্মদ, জিয়ারুল ও জিনারুল ইসলাম। এ নিয়ে কথা কাটাকাটি হলে ছিয়ামিনের তিন ছেলে আহাম্মদ, জিয়ারুল ও জিনারুল ইসলাম লোহার রড ও বাঁশের লাঠি দিয়ে বেধড়ক পিটিয়ে আহত করেন ইয়ারুল ইসলাম ও তার মা রোকেয়া খাতুনকে। শুধু তাই নয়, এসময় ইয়ারুল ইসলামের রান্নাঘর ও আসবাপত্র ভাংচুর করেছে বলে অভিযোগ করেন তিনি।

স্থানীয়রা আহতদের উদ্ধার গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

গাংনীতে বাড়ির পথে প্রতিবেশীর বেড়া

জমিজায়গা সংক্রান্ত ঝামেলার কারণে বাড়ির পথে বেড়া দিয়েছেন প্রতিবেশীরা। এতে বেশ কিছু দিন ধরে বিড়ম্বনার শিকার একটি পরিবার।

সামনে পথ দিতে তাদের শর্ত হচ্ছে পিছনে মৃত আবুল কাশেমের জমিতে যাওয়ার জন্য মোয়াজ্জেল হকের জমির ওপর দিয়ে তাকেও পথ দিতে হবে।

বিষয়টি নিয়ে কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মুহা. আলম হুসাইন বলেন, বিষয়টি নিয়ে পরিষদে একটি অভিযোগ আসলে আমি স্থানীয় ইউপি সদস্যকে পাঠায় যাতে ওই পরিবারটির যাতায়াতের পথটি খুলে দেওয়া হয়। কিন্তু প্রতিপক্ষের লোকজন ইউপি সদস্যের সাথে খারাপ আচরণ করেছে। বিষয়টি যাতে সঠিক মিমাংসা হয় সেটি আমি দেখবো।

গাংনীতে একই মঞ্চে আওয়ামীলীগ-বিএনপি নেতৃবৃন্দ

মহাসমাবেশ ও শান্তি সমাবেশকে ঘিরে যখন রাজধানীসহ বিভিন্ন জেলা- উপজেলায় চলছে সংঘর্ষ, সহিংসতা, বাসে আগুন দেওয়া হয়েছে। তখন মেহেরপুরের গাংনীতে একই মঞ্চে মিলিত হলেন আওয়ামী লীগ, বিএনপি ও জাতীয় পার্টির নেতারা। এক মঞ্চে বসে তারা অঙ্গীকার করলেন সহিংসতার পথে না গিয়ে মেনে চলবেন নির্বাচনী আচরণ বিধি।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী উপজেলা শাখা সব রাজনৈতিক দলের নেতাদের এক মঞ্চে বসার আয়োজন করে।

মঞ্চে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন, গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক প্রচার ও প্রচারনা সম্পাদক প্রভাষক মহিবুর রহমান মিন্টু, পৌর আওয়ামীলীগের সাস্কৃতিক সম্পাদক আজিজুল হক রানু, আওয়ামীলীগ নেতা মনিরুজ্জামান আতু, আল্পনা আক্তার। গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক ইউপি চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান জুলফিকার আলী ভূট্টো, জেলা বিএনপির নেতা আব্দাল হক। জাতীয় পার্টির গাংনী উপজেলা শাখার সাধারণ সম্পাদক আব্দুল লতিব উপস্থিত ছিলেন।

অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পিএফজির সমন্বয়ক প্রভাসক রফিকুল ইসলাম বকুল, করমদী ডিগ্রী কলেজের প্রভাসক এএসএম সায়েম পল্টু, বীর মুক্তিযোদ্ধা মোজাম্মেল হক প্রমুখ।

গতকাল রবিবার দুপুরে দি হাঙ্গার প্রজেক্টের গাংনী এরিয়া অফিসে এই আয়োজন করা হয়।

এসময় দি হাঙ্গার প্রজেক্টের প্রোগ্রাম অফিসার গিয়াস উদ্দীন, গাংনী এরিয়া অফিসের সমন্বয়ক হেলাল উদ্দীন উপস্থিত ছিলেন। উপস্থিত নেতৃবৃন্দ বলেন, জাতীয় পর্যায়ে যাই হোক আমরা স্থানীয়ভাবে শান্তিপূর্ণ অবস্থান তৈরী করবো। সহিংসতা পরিহার করে শান্তিপূর্ণ অবস্থানে থাকবো।

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

গাংনীতে ৭ কেজি গাঁজা সহ রাজিব ইসলাম (২৫) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব ১২)।

আজ রবিবার (৩০ জুলাই) দুপুরে গাংনী উপজেলার গাংনী-সাহারবাটি চারচারা বাজারগামী পাকা রাস্তার কাটাখালীর মোড়ে অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার কাছ থেকে ৭ কেজি গাঁজা একটি ইজিবাইক ও একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেফতারকৃত রাজিবুল ইসলাম কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার অঞ্জনগাছী গ্রামের নজরুল ইসলামের ছেলে।

গাংনী র্যাব ১২ কমান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক বলেন, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায় যে, এই মাদক ব্যবসায়ী দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে কুষ্টিয়া জেলার মিরপুর থানা হতে মেহেরপুর জেলার গাংনী থানায় এসে মাদকদ্রব্য গাঁজা ক্রয় করে মেহেরপুর ও কুষ্টিয়া জেলার বিভিন্ন

এলাকায় মাদক ব্যবসায়ী ও মাদকসেবীদের নিকট বিক্রয় করে আসছে। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

গাংনীতে জামায়াতের ১০ নেতা কর্মী গ্রেফতার, ককটেল উদ্ধার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিস্ফোরকদ্রব্য আইনে দায়ের করা মামলায় জামায়াতের ১০ নেতা কর্মী গ্রেফতার হয়েছে। এসময় তাদের কাছ থেকে ৩ টি ককটেল ও দলীয় বই, লিপলেট উদ্ধার করা হয়েছে।

এরা হলেন, গাংনী উপজেলার গোপালনগর গ্রামের নুরুল ইসলামের ছেলে মনোয়ার হোসেন (৪০), গাংনী পৌর এলাকার শিশিরপাড়া গ্রামের মৃত আখছেদ আলীর ছেলে আব্দুস সাত্তার (৬০), জুগিন্দা গ্রামের মোবারক হোসেনের ছেলে গোলাম মোস্তফা (৫০), রাজাপুর গ্রামের হাউস আলীর ছেলে জাকারিয়া হোসেন (৪০), বাঁশবাড়িয়া গ্রামের আবুবক্কর সিদ্দিকের ছেলে সোহেল রানা (৪০), সানঘাট গ্রামের তোয়াজ মন্ডলের ছেলে আকছেদ আলী (৬৫), ধানখোলা গ্রামের আসমত আলীর ছেলে জামাল উদ্দীন (৬৪), ধানখোলা গ্রামের মাঝপাড়া এলাকার রইছদ্দিনের ছেলে আব্দুল হান্নান (৬০), রাজাপুর গ্রামের মৃত ওমর উল্লার ছেলে আব্দুল ওয়াদুদ(৫৫) ও তেঁতুলবাড়িয়া গ্রামের সিরাজুল ইসলামের ছেলে মনিরুল ইসলাম (৪৫)।

গাংনী থানার পৃথক পুলিশের টিম শনিবার দিবাগত রাতভর আজ রবিবার (৩০ জুলাই) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে জামায়াতের এসব নেতা কর্মীকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, আসামিদের বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে মামলা নং ৪৩(৭)২৩ এর আসামি। ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫(৩)(২৫) ডি তৎসহ ১৯০৮ সালের বিস্ফোরক আইনের ৪/৬ ধারায় মামলা দায়ের করা হয়েছে।

ওসি আব্দুর রাজ্জাক বলেন, আসামিদের বিরুদ্ধে নাশকতা ও বিস্ফোরক দ্রব্য আইনে মামলা থাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃতদের আজ রবিবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে ছাত্রলীগের বিক্ষোভ মিছিল

ঢাকাসহ সারাদেশে বিএনপি ও জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে গাংনীতে বিক্ষোভ মিছিল করেছে ছাত্রলীগের গাংনী উপজেলা শাখা।

আজ শনিবার (২৯ জুলাই) বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলা শহরে এই বিক্ষোভ মিছিল করা হয়।

মিছিলে নেতৃত্ব প্রদান করেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুল।

এসময় উপস্থিত ছিলেন গাংনী ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম হোসেনসহ ছাত্রলীগের নেতৃবৃন্দ।

গাংনীতে পুলিশের মহড়া অনুষ্ঠিত

ঢাকাসহ সারাদেশে বিএনপি ও জামায়াতের নৈরাজ্যে প্রতিহত করতে গাংনী উপজেলা শহরে থানা পুলিশের আয়োজনে সতর্কতামূলক ব্যাপক মহড়া অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৯ জুলাই) বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলা শহরসহ বিভিন্ন এলাকায় এই মহড়া অনুষ্ঠিত হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকের নেতৃত্ব পুলিশের একাধিকদলে বিভক্ত হয়ে এই মহড়া দেওয়া হয়।

মহড়াটি গাংনী থানা থেকে শুরু করে বড় বাজার, থেকে বাঁশবাড়িয়া, গাংনী পূর্ব মালশাদহ ও পশ্চিম মালশাদহ হয়ে গাংনী উপজেলা শহরের বিভিন্ন অলি গলিতে দেওয়া হয়। পরে গাংনী বড় বাজার শহীদ রেজাউল চত্তরে এসে জড়ো হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঢাকাতে বিএনপির মহাসমাবেশ ও আজকের অবস্থান ধর্মঘটের কারনে মানুষের মধ্যে এক ধরনের ভীতি তৈরী হয়েছে। মানুষের মধ্যেকার সেই ভীতি দুর করতেই পুলিশের মহড়ার এই আয়োজন। মানুষকে জানান দেওয়া পুলিশ সব সময় তাদের পাশে আছেন। কোনো রকম ভয় পাওয়ার কিছু নেই।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় আহত ১

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বাঁশবাড়িয়া নামক স্থানে দাঁড়িয়ে থাকা বালি বোঝায় ড্রাম ট্রাকের পেছনে ধাক্কা লেগে এসবি পরিবহনের একটি বাসের সামনের অংশ দুমড়ে মুচড়ে গেছে। এঘটনায় এসবি পরিবহনের সুপারভাইজার আজমল আলী (৪০) এর পা ভেঙ্গে গেছে। বর্তমানে সে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে।

আহত আজমল আলী গাংনী উপজেলার শুকুরকান্দি গ্রামের আব্দুল খালেকের ছেলে ও এসবি পরিবহনের সুপারভাইজার।

আজ শুক্রবার (২৮ জুলাই) ভোর সাড়ে ৪টার দিকে গাংনী উপজেলায় বাঁশবাড়িয়া বাজারে এই ঘটনা ঘটে। বাসের যাত্রীরা জানিয়েছেন, বাসের চালক ঘুম ঘুম চোখে গাড়ি চালানোর ফলেই এই দূর্ঘটনাটি ঘটেছে।

প্রত্যক্ষদর্শি বাঁশবাড়িয়া গ্রামের মুনসুর আলী জানান, ফজরের নামাজ পড়ার জন্য বাড়ি থেকে বের হচ্ছিলাম। এসময় একটি বিকট শব্দ

হয়। শব্দ শুনে বের হয়ে দেখি এসবি গাড়ি ট্র্যাকের সাথে ধাক্কা লেগে বাসের সামনের অংশ ভেঙ্গে গেছে। বাসের ভিতরে লোকজন চিৎকার করেছে। পরে পাড়ার লোকজন এসে সুপারভাইজার কে গাড়ির ভিতর থেকে বের করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে যায়। সেখানে প্রাথমিক চিকিৎসা প্রদান করে। রোগীর অবস্থা অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক রোগীকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে মাছের পোনা অবমুক্তকরন

সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাতের আওতায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মেহেরপুর জেলার গাংনী উপজেলা ভাটপাড়া কাজলা নদীতে মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। দেশীয় বিলুপ্তপ্রায় পোনাসহ কার্প জাতীয় মাছের পোনা অবমুক্ত করা হয়। উক্ত কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া সিদ্দিকা সেতু।

এসময় উপজেলা মৎস্য কর্মকর্তা খোন্দকার সহিদুর রহমান, মোহা: কামরুজ্জামান পরিচালক কর্মসূচি, পিএসকেএস। এছাড়া অন্যান্য কর্মকর্তাবৃন্দ, মৎস্য চাষীবৃন্দ উপস্থিত ছিলেন। পল্লী-কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে কর্মসূচী বাস্তবায়ন করেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস)।

গাংনীতে কলারকান্দি ও কফির চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা

গাংনীতে দুলু শেখ নামের এক কৃষকের আড়াই বিঘা জমির কলারকান্দি ও এক বিঘা জমির কফি চারা কেটে তছরুপ করেছে দূর্বৃত্তরা।

সোমবার(২৪ জুলাই) দিবাগত রাতের কোনো এক সময় যুগিন্দা গ্রামের ব্যাঙ গাড়ির মাঠে এই ঘটনা ঘটে। কৃষক দুলু ওই গ্রামের মৃত শুকুর শেখের ছেলে।

কৃষক দুলু জানান, বছর চুক্তিতে দেড় বিঘা জমি ৫০ হাজার টাকায় লিজ নেন। এক লাখ ৫০ হাজার খরচ করে জমিতে এক হাজার কলাগাছ রোপন করেন। চার লাখ টাকার বিক্রয়ের আশা নিয়েছিলেন। রাতের আঁধারে কে বা কারা চার শতাধিক কলার কান্দি ও এক বিঘা জমির কপি গাছ কেটে দেয় দূর্বৃত্তরা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, এখন পর্যন্ত কেউ লিখিত অভিযোগ করেনি লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।